



বাংলাদেশ হাইকমিশন  
(পাসপোর্ট ও ভিসা উইং)  
সিঙ্গাপুর  
[www.bdhc.sg](http://www.bdhc.sg)

পাসপোর্ট হারিয়ে গেলে নতুন পাসপোর্টের জন্য আবেদনের নিয়মাবলী ও প্রয়োজনীয় তথ্যাবলী

পাসপোর্ট হারিয়ে গেলে নতুন পাসপোর্টের জন্য আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত ডকুমেন্টসমূহ সঙ্গে নিয়ে আসতে হবে এবং পাসপোর্ট নবায়নের আবেদন হাইকমিশনের (৪র্থ তলা) অফিস কাউন্টারে জমা দিতে হবে :

১. পাসপোর্ট রি-ইস্যুর জন্য পূরণকৃত আবেদন ফরম [হাইকমিশনের ওয়েব সাইট ([www.bdhc.sg](http://www.bdhc.sg)) থেকে ডাউনলোড করে অথবা অফিস কাউন্টার থেকে সংগ্রহ করে পূরণকৃত ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে];
২. হারানো/পূর্ববর্তী পাসপোর্টের ২ ও ৩ নং পৃষ্ঠার ফটোকপি;
৩. হারিয়ে যাওয়া পাসপোর্টের জন্য সিঙ্গাপুর পুলিশ রিপোর্ট (পুলিশ রিপোর্টে অবশ্যই হারানো পাসপোর্টের নম্বর উল্লেখ থাকতে হবে);
৪. ওয়ার্ক পারমিট/স্পেশাল পাস/এমপ্লয়মেন্ট পাস/আই.সি'র (উভয় পৃষ্ঠার) ফটোকপি;
৫. কোম্পানীর অধীনে ওয়ার্ক পারমিটধারীর ক্ষেত্রে নতুন পাসপোর্ট ইস্যুর অনুরোধসহ কোম্পানী লেটার;
৬. স্পেশাল পাসধারীর ক্ষেত্রে MOM কর্তৃক হারানো পাসপোর্টের কথা উল্লেখ করে ইস্যুকৃত পত্র;
৭. আবেদনকারীর জন্ম নিবন্ধন সনদের কপি অথবা জাতীয় পরিচয়পত্র (এনআইডি);
৮. নির্ধারিত ফি জমা প্রদান : সাধারণ ফি ১৫৫ সি.ড (একশত পঞ্চাশ সিঙ্গাপুর ডলার মাত্র)- প্রসেসিং সময়কাল ৭-৮ সপ্তাহ; জরুরী ফি ৩১০ সি.ড (তিনশত দশ সিঙ্গাপুর ডলার মাত্র)- প্রসেসিং সময়কাল ৩-৪ সপ্তাহ; আবেদন জমা প্রদানের সময় পাসপোর্ট নবায়ন ফি অফিস কাউন্টারে শুধুমাত্র NETS-এর মাধ্যমে প্রদান করতে হবে। আবেদনকারীর বর্তমান পাসপোর্টের কোন তথ্য সংশোধন, ফিঙ্গার পিন্ট সমস্যা, পুলিশ ভেরিফিকেশন ইত্যাদি কারণে পাসপোর্ট প্রসেসিং সময়কাল স্বাভাবিকের তুলনায় বেশী হয়ে থাকে।

সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অনলাইনে আবেদন এনরোলমেন্ট করা হয় এবং নতুন পাসপোর্ট সংগ্রহের তারিখ উল্লেখ করে আবেদনকারীকে একটি কালেকশন স্লিপ/রিসিট দেওয়া হয়। অতঃপর এমআরপি সার্ভারে প্রয়োজনীয় কাগজপত্র স্ক্যান করে অনলাইনে আবেদন অনুমোদনপূর্বক পাসপোর্ট প্রিন্টের জন্য প্রেরণ করা হয়। বাংলাদেশ থেকে পাসপোর্ট প্রিন্ট হয়ে আসলে পাসপোর্ট কালেকশন স্লিপ/রিসিট ও পুলিশ রিপোর্ট/পূর্বের পাসপোর্ট দেখে নতুন পাসপোর্ট প্রদান করা হয়ে থাকে- যা হাইকমিশনের অফিস কাউন্টার (৪র্থ তলা) থেকে সংগ্রহ করতে হয়।



**BANGLADESH HIGH COMMISSION  
(Passport & Visa Wing)  
SINGAPORE  
[www.bdhc.sg](http://www.bdhc.sg)**

**Procedure & Necessary Information for Renewal/Re-issue of Lost Passport**

If the passport is lost, you need to bring the following documents for renewal/reissue of the passport and application has to be submitted at the office counter of the High Commission (Level-4) :

1. Filled-in Application Form (Form can be downloaded from the official website of the Bangladesh High Commission ([www.bdhc.sg](http://www.bdhc.sg)) or can be collected from the office counter during submission);
2. Photocopy of the Lost/Previous Passport (page 2 & 3);
3. Singapore Police Report for Lost Passport (*Lost passport number must be mentioned in the Police Report*);
4. Photocopy (both sides) of Work permit/Employment Pass/Special Pass/IC
5. Letter from the Company requesting for reissue of a new passport if the person is on Work Permit;
6. Letter from the Ministry of Manpower (MOM) mentioning of the lost passport if the person is under Special Pass;
7. Birth Registration Certificate or National Identity (NID) Card of the applicant;
8. Payment/deposit of passport renewal fee : Regular fee S\$155/= (Singapore Dollar one hundred and fifty-five), processing time 7 to 8 weeks; Express service S\$310/= (Singapore Dollar three hundred and ten), processing time 3 to 4 weeks; fees to be paid at the office counter through NETS only during submission of renewal application. Due to any correction in existing passport information, fingerprint problem, police verification etc. processing time might be longer than usual cases.

Enrolment of Application is done after examining/verifying the concerned documents and a collection slip/receipt mentioning the date is given to the applicant for collection of new passport. Then request for printing of the passport is sent by giving online approval of the application after scanning the necessary documents into MRP server. The new passport is to be collected from office counter (4<sup>th</sup> Floor) of the High Commission by showing passport **collection slip/receipt and police report/previous passport**.